



ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন

নগর ভবন, ঢাকা।

www.dsc.gov.bd



"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি"

স্মারক সংখ্যা : ৪৬.২০৭.০০৮.১১.১০.০২০.২০১৫-৬৭৪

নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগের ৩১.০৮.২০২১ খ্রি. তারিখের ৪৬.০০.০০০০.০৭০. ১৮.০৩২.১৯-৮৪৬ নম্বর স্মারকের অনুমোদনের প্রেক্ষিতে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের রাজস্ব খাতভুক্ত নিম্নবর্ণিত শূন্য পদসমূহ পূরণের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

ক্রঃ নং	পদের নাম ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল/২০১৫)	পদের সংখ্যা	বয়স	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১	২	৩	৪	৫
১	রসায়নবিদ ১৬.০০০-৩৮,৬৪০/- (গ্রেড-১০)	০১ (এক) টি	১৮-৩০ বৎসর	কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে রসায়ন বিষয়ে অন্যান্য দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি।
২	সহকারী রসায়নবিদ ১২,৫০০-৩০,২৩০/- (গ্রেড-১১)	০১ (এক) টি	১৮-৩০ বৎসর	কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে রসায়ন বিষয়ে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি।
৩	ল্যাবরেটরী সহকারী ১০,২০০-২৪,৬৮০/- (গ্রেড-১৪)	০১ (এক) টি	১৮-৩০ বৎসর	কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে রসায়ন বিষয়ে অন্যান্য দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি।

- ২। নিম্নলিখিত শর্তাবলী অবশ্যই অনুসরণ করতে হবেঃ
- ১১ চৈত্র ১৪২৬ বঙ্গাব্দ/২৫ মার্চ ২০২০ খ্রিষ্টাব্দ তারিখে প্রার্থীর বয়সসীমা ১৮ হতে ৩০ বৎসর হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩২ (বত্রিশ) বৎসর। বয়সের ক্ষেত্রে কোনোক্রমেই এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
 - সরকারি/আধাসরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। সকল চাকুরির প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি ছাড়পত্রের মূলকপি জমা দিতে হবে।
 - নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংশ্লিষ্ট বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।
 - লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
 - আবেদনপত্রে প্রার্থীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, জাতীয়তা, ধর্ম, জন্ম তারিখ, বয়স, নিজ জেলার নাম, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা (যদি থাকে) উল্লেখ করতে হবে।
 - মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে এবং Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি সহ সকল সনদপত্রের সত্যায়িত একসেট ফটোকপি দাখিল করতে হবে।
 - চাকুরির আবেদন ফরমে উল্লিখিত স্থায়ী ঠিকানা, নিজ জেলা ও জাতীয়তার সম্বন্ধে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত (নিজ জেলা উল্লেখ করতঃ) নাগরিকত্বের সনদপত্র এবং জাতীয় পরিচয়পত্র বা জন্মনিবন্ধন সনদপত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে।
 - প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা হলে মুক্তিযোদ্ধা সনদ (মন্ত্রণালয়ের সনদ, বামুস সনদ), মুক্তিবার্তা/গেজেট নম্বর ও তারিখ, মুক্তিযোদ্ধার বয়স প্রমাণের লক্ষ্যে এসএসসি সনদ/জন্ম সনদ, মৃত মুক্তিযোদ্ধার মৃত্যু সনদ এবং মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হিসেবে চাকুরি প্রার্থীদের ক্ষেত্রে উপরোক্ত কাগজপত্রসহ প্রার্থীর সাথে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সম্পর্কের প্রমাণ হিসেবে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক ইস্যুকৃত প্রত্যয়নপত্র। প্রার্থী এবং তার পিতামাতার জাতীয় পরিচয়পত্র মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে।
 - নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত সরকারের সর্বশেষ নীতিমালা অনুসরণ করা হবে।
 - সকল সত্যায়ন/প্রত্যয়ন প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সম্পাদিত হতে হবে।
 - পদের সংখ্যা সাংগঠনিক কাঠামো অনুযায়ী হ্রাস/বৃদ্ধি হতে পারে।
 - কর্তৃপক্ষ বিজ্ঞপ্তি বাতিল/সংশোধন করার এবং বিজ্ঞাপিত শূন্য পদের সংখ্যা কমবেশী করার অধিকার সংরক্ষণ করেন।
 - বিজ্ঞপ্তি অনুযায়ী উল্লিখিত পদের জন্য লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হবেন।
 - পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ <http://dsc.teletalk.com.bd> ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনপত্রের বিস্তারিত নিয়মাবলী <http://dsc.teletalk.com.bd> এবং www.dsc.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে। আবেদনের সময়সীমা নিম্নরূপ :
 - Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরু তারিখ ও সময় : ২৬ কার্তিক ১৪২৮/১১ নভেম্বর ২০২১ সকাল ১০.০০ টা।
 - Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় : ১৬ অগ্রহায়ণ ১৪২৮/ ১ ডিসেম্বর ২০২১ বিকাল ৫.০০ টা।
 - উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।
 - আবেদনকারীকে পরীক্ষার ফি বাবদ বিজ্ঞপ্তির ১নং ক্রমিকে উল্লিখিত পদের জন্য ১০০০/- (এক হাজার) টাকা এবং অন্যান্য পদের জন্য ৫০০/- (পাঁচশত) টাকা Teletalk pre-paid mobile ব্যবহার করে প্রদান করতে হবে।
 - Online-এ আবেদন করতে কোন সমস্যা হলে ১২১ নম্বরে অথবা vas.query@teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে।
 - নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
 - উল্লেখ করা হয়নি এমন ক্ষেত্রে সরকারের সর্বশেষ জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

ডিএসসিসি/পিআরডি/১০৮/২০২১-২২

জিডি-১৩৪১/২১ (১২'x৪)

স্বাক্ষরিত/-

০৭.১১.২০২১

(আকরামুজ্জামান)

সচিব

ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন

ফোনঃ ০২-২২৩৩৮৩৫০৭